

[বাংলাদেশ গেজেটে প্রবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-০২/মূসক/২০২১

তারিখঃ ০৩ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ।
১৬ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) কর্তৃক মোবাইল অপারেটরগণের অনুকূলে 4G লাইসেন্স ইস্যু বা নবায়ন ফি বা রয়্যালটি ফি বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বাবদ ধার্যকৃত বা নির্দিষ্টকৃত অর্থের উপর ৭.৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

যেহেতু, জনস্বার্থে বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) কর্তৃক মোবাইল অপারেটরগণের অনুকূলে 4G লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হইলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ নির্ধারিত বা ধার্যকৃত অর্থের উপর মূল্য সংযোজন করের পরিমাণ হ্রাস করা সমীচীন ও প্রয়োজনীয়;


০২। সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ শর্ত সাপেক্ষে 4G লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হইলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ নির্ধারিত বা ধার্যকৃত অর্থের উপর ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তঃ

- (ক) আলোচ্য অব্যাহতি সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী কোন উপকরণ কর রেয়াত প্রযোজ্য হইবে না;
- (খ) 4G লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ প্রযোজ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) বিটিআরসি কর্তৃক উৎসে কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের পূর্বে মোবাইল অপারেটরদের অনুকূলে ইস্যুকৃত বা নবায়নকৃত লাইসেন্স কার্যকর করা যাইবে না; এবং
- (গ) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় যে কোন সময় উক্ত অব্যাহতি রহিত করিতে পারিবে।

০৩। এই আদেশ ০১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,


(কাজী ফরিদ উদ্দীন)

প্রথম সচিব (মূসক নীতি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ২৩১

ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

(তীকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে
সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৪৮.১৩/০৬(৩৬)

তারিখঃ ১৬ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
- ২। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি), আইইবি ভবন (৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা), রমনা, ঢাকা-১০০০।
- ৪। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৫-৬। সদস্য (গ্রেড-১), (কাস্টমস: রপ্তানি ও বন্ড)/ সদস্য (গ্রেড-১) (কাস্টমস নিরীক্ষা ও আধুনিকায়ন ও আন্তঃ বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭-৯। সদস্য (কাস্টমস নীতি)/ সদস্য (মুসক নিরীক্ষা ও গোয়েন্দা)/ সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১০-২১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ২২-২৭। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
- ২৮-৩১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ৩২। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মুসক, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
- ৩৩। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চট্টগ্রাম সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
- ৩৪। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।
- ৩৫। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ✓ ৩৬। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩৭। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩৮। প্রেসিডেন্ট/মহাসচিব, AMTOB, বাড়ি নং- ০৭ (২য় তলা), রোড নং- ৫৬, গুলশান-২, ঢাকা-১২১২।
- ৩৯। ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীণফোন লিমিটেড, জিপি হাউস, বসুন্ধরা, বারিধারা, ঢাকা-১২১৯।
- ৪০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লিঃ, টাইগারস ডেন, বাড়ী নং-৪, বীর উত্তম মীর শওকত সড়ক, গুলশান-১, ঢাকা-১২১২।
- ৪১। ব্যবস্থাপনা পরিচালক, রবি অজিয়েটা লিমিটেড, আশ্বন টাওয়ার, ৯৯ বীর উত্তম একে খন্দকার সড়ক, ঢাকা-১২১২।
- ৪২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ, রাজউক কমার্শিয়াল কম্পলেক্স, হোল্ডিং নং- ৩/এ, রোড নং- ১৭, গুলশান-১, ঢাকা-১২১২।

Phagari
(কাজী রেজাউল হাসান)

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

ই-মেইলঃ vatpolicy@gmail.com